

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শিবালয়, মানিকগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৫৬৭৮.০০০.০১.০১৮.২৬- ২৪০

তারিখ: ২১/০৪/২০২৬খ্রি.

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থবছরের মে/২০২৬ হতে জুলাই/২০২৬ পর্যন্ত ০৩ মাস সময়ের জন্য (১ম) ব্যাচে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শিবালয়, মানিকগঞ্জ কর্তৃক বাস্তবায়িত “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ” (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পের আওতায় উপজেলাওয়ারী প্রশিক্ষার্থী নির্বাচনের জন্য অস্থায়ী ভিত্তিতে ১। ফ্যাশন ডিজাইন ২। ব্লক বাটিক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণের জন্য বেকার, আগ্রহী, দুঃস্থ, অসহায়, সুবিধাবঞ্চিত নারী প্রার্থীদের কাছ হতে নির্ধারিত আবেদন ফরমে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আবেদনের শর্তাবলী:

- ১। প্রার্থীকে মানিকগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। দুঃস্থ, অসহায়, বিধবা, তালাকপ্রাপ্ত ও দরিদ্র সুবিধাবঞ্চিত নারী অগ্রাধিকার পাবেন।
- ৩। প্রার্থীদের স্বাক্ষরজ্ঞান সম্পন্ন যে কোন শিক্ষাগত যোগ্যতার দরিদ্র, সুবিধা বঞ্চিত মহিলা হতে হবে।
- ৪। প্রার্থীর বয়স ১৮ হতে ৪০ বছর হতে হবে।
- ৫। প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতার সনদ, ভোটার আইডি, ১ কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবি দিয়ে অনলাইনে আবেদন করতে হবে। (জন্ম সনদ গ্রহণযোগ্য হবে না)
- ৬। প্রশিক্ষণের মেয়াদ ০৩ (তিন) মাসে ৬০ কর্ম দিবস হবে।।
- ৭। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ ২৮/০৪/২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
- ৮। আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, শিবালয়, মানিকগঞ্জে দাখিল করতে হবে।
- ৯। স্বাক্ষরকার গ্রহণের তারিখ ৩০/০৪/২০২৬ খ্রি. সকাল: ১১.০০টায়।
- ১০। আবেদনের ওয়েবসাইট: <http://iga.dwa.gov.bd>

Tuhina
২১/০৪/২০২৬
তুহিনা সুলতানা
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
শিবালয়, মানিকগঞ্জ।

বিতরণ:

- ১। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শিবালয়, মানিকগঞ্জ।
- ৩। বিভিন্ন নোটিশ বোর্ড।
- ৪। অফিস কপি।